

সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২২-২৩ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	ইসরাত চৌধুরী অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৩ আগস্ট ২০২২
সভার সময়	বেলা ১১.০০ টা
স্থান	Zoom Online Platform
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য উপসচিব, প্রশাসন-৩ (সদস্য সচিব, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ)কে অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

**১.০ আলোচ্য বিষয়:** ২০২১-২০২২ অর্থবছরের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন।

**১.১ আলোচনা:** এ বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তরসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম সম্পর্কে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিম অবগত আছেন। পরবর্তীতে ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের সদস্য সচিব সভায় উপস্থিত সকলকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুসরণপূর্বক ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে অবহিত করেন। সভায় সুরক্ষা সেবা বিভাগের চিফ ইনোভেশন অফিসার ও সভাপতি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রায় উল্লিখিত প্রতিটি কার্যক্রম নির্দিষ্ট সময়ের পূর্বেই সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুসরণপূর্বক ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন;

(খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের প্রতিটি কার্যক্রম লক্ষ্যমাত্রায় উল্লিখিত নির্দিষ্ট সময়ের পূর্বেই সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ।

**২.০ আলোচ্য বিষয়:** ই-গভর্নেন্স ও করণীয় নির্ধারণ।

**২.১ আলোচনা:** সভায় সদস্য সচিব সভাকে অবহিত করেন, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.১

কার্যক্রম অনুযায়ী সিটিজেন চার্টারভুক্ত ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা আগামী ০৪ মে ২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। সে লক্ষ্যে এখন থেকেই প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি সকলকে আহবান জানান। তিনি স্ব স্ব অফিসের সিটিজেন চার্টারভুক্ত নাগরিক সেবাকে প্রাধান্য দেয়ার আহবান জানান। এ পর্যায়ে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ একটি করে উদ্ভাবনী ধারণা সভায় উপস্থাপন করেন। সভায় সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা এবং আওতাধীন অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসগুলো থেকে নাগরিক সেবা সম্পৃক্ত আরো নতুন নতুন উদ্ভাবনী ধারণা সংগ্রহের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকল সংস্থাকে অনুরোধ জানান।

## ২.২ সিদ্ধান্ত:

(ক) সুরক্ষা সেবা বিভাগের সকল কর্মকর্তা এবং আওতাধীন অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসগুলো হতে অধিকতর নাগরিক সেবা সম্পৃক্ত উদ্ভাবনী ধারণা সংগ্রহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

(খ) সেপ্টেম্বর, ২০২২ এর শেষ সপ্তাহে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ নিয়ে ইনোভেশন টিমের পরবর্তী সভা আয়োজন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ইসরাত চৌধুরী  
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.১৫৩

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯

২৯ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) উপসচিব, অগ্নি-১ শাখা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) উপসচিব, কারা-১ শাখা ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)



মোঃ আবদুল কাদির  
উপসচিব